আমাকে নিষিদ্ধ করার কারণ আমি আজও জানি না: আজহারউদ্দিন

ম্যাচ গড়াপেটার কারণে ভারতের সাবেক অধিনায়ক আজহারউদ্দিনকে আজীবন নির্বাসিত করেছিল বিসিসিআই। কিন্তু আদালেতে এই নির্বাসনের বিরুদ্ধে আবেদন করেছিলেন তিনি। ২০০০ সালের ডিসেম্বরে ম্যাচ ফিক্সিংয়ে জড়িত থাকার কারণে আজহারউদ্দিনকে বিসিসিআই আজীবন নির্বাসনে পাঠায়।

তবে দীর্ঘ লড়াইয়ের পরে আজহারউদ্দিনের বিরুদ্ধে নির্বাসন প্রত্যাহার করার জন্য বোর্ডকে নির্দেশ দেয় ভারতের অন্ধ্রপ্রদেশ হাইকোর্ট। ২০১২ সালে আদালত এটিকে ‘অবৈধ’ বলে অভিহিত করে।

ক্রিকেট পাকিস্তান ডটকমের ওয়েবসাইটে দেওয়া একটি সাক্ষাতকারে আজহারউদ্দিনতার জীবনের অন্যতম কঠিনতম সময়ের কথা স্মরণ করিয়ে দিয়ে তিনি বলেন, যা ঘটেছে তার জন্য আমি কাউকে দোষ দিতে চাই না। তবে আমাকে নিষিদ্ধ করার কারণ আমি আজও সত্যিই জানি না৷

সাবেক ভারত অধিনায়ক আরও বলেন, তবে আমি লড়াইয়ের সিদ্ধান্ত নিয়েছিলাম এবং আমি কৃতজ্ঞ যে ১২ বছর পর আমি নির্দোষ প্রমাণিত হয়েছি। তারপর হায়দরাবাদ ক্রিকেট অ্যাসোসিয়েশনের সভাপতি নির্বাচিত হয়েছি। পরে আমি বিসিসিআইয়ের এজিএম-এ যোগ দিয়ে আমি খুব সন্তুষ্ট বোধ করেছি।

আজহারউদ্দিন ৯৯টি টেস্ট খেলেছেন। ৪৫ গড়ে ৬১২৫ রান করেছেন। তিনি ৩৩৪ ওয়ানডে ম্যাচ খেলেছেন। রান করেছেন ৯৩৭৮।

সূত্র- বিডি-প্রতিদিন

নিষেধাজ্ঞা কমলো ১৮ মাস, তবুও

সন্তুষ্ট নন উমর আকমল

ফিক্সিংয়ের প্রস্তাব গোপন করে তিন বছরের জন্য নিষিদ্ধ হন পাকিস্তানি ব্যাটসম্যান উমর আকমল। তবে সেই সাজার বিরুদ্ধে আপিল করেছিলেন তিনি। তার আবেদনে সাড়া দিয়ে গতকাল বুধবার (২৯ জুলাই) তার নির্বাসনের মেয়াদ ১৮ মাস কমানো হয়েছে। অর্থাৎ তিন বছের পরিবর্তে দেড় বছর পরেই ফের বাইশ গজে ফিরতে পারবেন এই পাকিস্তানি ব্যাটসম্যান।

মেয়াদ কমে যাওয়ায় আগামী বছরের আগস্টে আবার খেলা শুরু করতে পারেন আকমল। পাকিস্তানের সুপ্রিম কোর্টের সাবেক বিচারক ও স্বতন্ত্র বিচারক ফকির মোহম্মদ খোকর আকমল ও তার আইনজীবী আদালতে উপস্থিত হয়েছিলেন শুনানির জন্য। সংক্ষিপ্ত শুনানির পরে, দুই সপ্তাহ আগে সংরক্ষিত আপিলের ফলাফল ঘোষণা করেন তিনি।

এপ্রিল মাসে আকমলের উপর দু’টি ম্যাচ ফিক্সিং প্রস্তাবের চার্জ লাগানো হয়। দোষী সাব্যস্ত হওয়ায় ২০ ফেব্রুয়ারি থেকে প্রতিটি অপরাধের জন্য তিন বছরের নির্বাসনে পাঠানো হয় আকমলকে। পাকিস্তান ক্রিকেট বোর্ডের দুর্নীতিবিরোধী কোডে বলা রয়েছে যে, খেলোয়াড়দের অবশ্যই দুর্নীতির সকল পদ্ধতি কর্তৃপক্ষকে জানাতে বাধ্য থাকতে হবে।

কিন্তু নির্বাসনের বিরুদ্ধে আবেদন করে আকমল অভিযোগ করেছিলেন যে, তার সাথে অন্যায় আচরণ করা হয়েছে। তিনি বলেন, আমি এখনও সন্তুষ্ট নই কারণ অন্য খেলোয়াড়রাও একই অভিযোগে কম শাস্তি পেয়েছিল। ২০১৭ সালে সাবেক পাকিস্তানি পেসারমোওহম্মদ ইরফান একই অপরাধে এক বছরের জন্য নির্বাসিত হয়েছিলেন।

আকমল আরও বলেন, আমি আমার আইনজীবীদের সঙ্গে পরামর্শ করব এবং এরপরে আরও নির্বাসন কমিয়ে আনার চেষ্টা করব।

সূত্র- বিডি-প্রতিদিন

আমঝুপি ইউপি চেয়ারম্যান’র উদ্যোগে খেলার মাঠ পরিষ্কার করার মেশিন প্রদান

মেহেরপুর সদর উপজেলার আমঝুপির বিভিন্ন প্রতিষ্ঠানে ঘাস কাটার মেশিন প্রদান করেছেন আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান আহমেদ চুন্নু।

আমঝুপি ইউনিয়ন পরিষদ সহ আমঝুপি পাবলিক ক্লাব, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় খেলার মাঠ ও আমঝুপি কেন্দীয় ঈদগা ময়দানে ঘাস কাটার কাজে ব্যবহারের জন্য একটি ইঞ্জিন চালিত সহ দুটি ঘাস কাটার মেশিন নিজস্ব অর্থায়নে প্রদান করেন আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান আহমেদ চুন্নু।

আজ রবিবার বিকাল সাড়ে পাঁচ টার সময় আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় খেলার মাঠে ঘাস কেটে মেশিনের উদ্বোধন করেন ইউপি চেয়ারম্যান বোরহান আহমেদ চুন্নু।

এ সময় উপস্থিত ছিলেন, ৮ নং ইউপি সদস্য মো: আবুল কাশেম, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আতিকুল খান্দার, শাহাদুল হক কানাই, নাজিম, লিটন, সবুজ, আইডিয়াল স্কুলের শিক্ষক শহিদুল ইসলাম সাগর সহ স্থানীয় সাধারণ জনগণ।

ঘাস কাটার মেশিন দুটি সংরক্ষণ করবে আমঝুপি ইউনিয়ন পরিষদ।

চিকিৎসা নিতে লন্ডন গেলেন তামিম

পেটব্যথার সমস্যার জন্য চিকিৎসা নিতে আজ শনিবার লন্ডনে গেছেন বাংলাদেশ ক্রিকেট দলের ওয়ানডে অধিনায়ক এবং দলের সবচেয়ে নির্ভরযোগ্য ওপেনিং ব্যাটসম্যান তামিম ইকবাল। আজ শনিবার সকালে

এমিরেটসের ফ্লাইটে লন্ডনের উদ্দেশে রওনা হয়েছেন তামিম।

জানা গেছে, প্রথমে দুবাইয়ে যাত্রাবিরতি দিয়ে পরে লন্ডনে যাবেন দেশসেরা এই ওপেনার। লন্ডনে গিয়ে নিজ খরচে দুই সপ্তাহের সেলফ কোয়ারেন্টাইনে থাকতে হবে তামিমকে। এর মধ্যে নভেল করোনাভাইরাসের কোনো উপসর্গ না দেখা গেলে ডাক্তারের কাছে যাবেন বাংলাদেশ অধিনায়ক।

উল্লেখ্য, গত এক মাসে তিনবারসহ লকডাউন চলাকালীন বেশ কয়েকবার পেটের তীব্র ব্যথায় ভুগেছেন বাঁহাতি ওপেনার তামিম। তামিম পেটব্যথার সমস্যা নিয়ে দেশের বিশেষজ্ঞ চিকিৎসকদের পরমর্শ নিয়ে গত কয়েক দিনে বেশ কিছু পরীক্ষা-নিরীক্ষা করালেও চিকিৎসকরা তাঁর পেটের ব্যথা ও হজম সমস্যার পেছনের কারণ শনাক্ত করতে পারেননি।

চিকিৎসকরা তামিমকে হাসপাতালে ভর্তি হতে বললেও চলমান কোভিড-১৯ মহামারির পরিস্থিতি কারণে তিনি ভর্তি হতে পারেননি। অবশেষে গত মঙ্গলবার লন্ডনের এক চিকিৎসকের সঙ্গে ভিডিওকলে পরামর্শ নেওয়ার পর সেখানে যাওয়ার সিদ্ধান্ত নেন ওয়ানডে অধিনায়ক।

সূত্র- বিডি-প্রতিদিন

মেপ্র/আরপি

৮ মাস পেছালো ওয়ানডে বিশ্বকাপ

করোনার মহামারিতে লন্ডভন্ড পুরো বিশ্ব। এর প্রভাব পড়েছে ক্রীড়া জগতেও। করোনার কারণে ২০২৩ ওয়ানডে বিশ্বকাপ আট মাস পিছিয়েছে। ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি) সোমবার এক বৈঠকে বিষয়টি চূড়ান্ত করেছে।

২০২৩ সালে ভারতের মাটিতে হবে ওয়ানডে বিশ্বকাপ। পূর্বের সূচি অনুযায়ী হচ্ছে না পঞ্চাশ ওভারের এ টুর্নামেন্ট। আইসিসির নতুন সূচি অনুযায়ী অক্টোবরে শুরু হবে বিশ্বকাপ। ২৬ নভেম্বর হবে টুর্নামেন্টের ফাইনাল। এর আগে ৯ ফেব্রুয়ারি থেকে ২৬ মার্চ পর্যন্ত টুর্নামেন্টটি অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

আইসিসির এই বৈঠকে উপস্থিত ছিল আইবিসির (দ্য কমার্সিয়াল সাবসিডিয়ারি অব দ্য আইসিসি) প্রতিনিধিরা।

সূত্র- বিডি প্রতিদিন

অনন্য উচ্চতায় রোনালদো, গড়লেন ‘বিরল রেকর্ড’

জোড়া গোল করে সেরি আর ম্যাচে লাৎসিওর বিপক্ষে দলকে জয় এনে দেওয়ার পাশাপাশি দারুণ কিছু কীর্তি গড়েছেন জুভেন্টাস তারকা ক্রিশ্চিয়ানো রোনালদো। তবে এসব রেকর্ডকে পাত্তা দিচ্ছেন না পর্তুগিজ ফরোয়ার্ড। তার দৃষ্টিতে ‘জয়টাই গুরুত্বপূর্ণ’।

লিগে টানা তিন ম্যাচ জয়হীন থাকার পর নিজেদের মাঠে সোমবার রাতে লাৎসিওকে ২-১ গোলে হারায় জুভেন্টাস। গোলশূন্য প্রথমার্ধের পর দ্বিতীয়ার্ধে স্বাগতিক দলের দুটি গোলই করেন রোনালদো।

এই নিয়ে চলতি সেরি আয় রোনালদোর গোলসংখ্যা দাঁড়াল ৫১টি। তাতে নিজেকে আরও উচ্চতায় নিয়ে গেছেন পাঁচবার ব্যালন ডি’অর জেতা এই ফুটবলার। প্রথম ফুটবলার হিসেবে ইংলিশ প্রিমিয়ার লিগ, লা লিগা ও ইতালিয়ান সেরি আয় ৫০ গোলের বিরল নজির গড়েছেন তিনি।
দুই বছর আগে রিয়াল মাদ্রিদ ছেড়ে জুভেন্টাসে নাম লেখান রোনালদো। এই জোড়া গোলে ক্লাবটির হয়ে ইতালির শীর্ষে লিগে তার গোল সংখ্যা দাঁড়িয়েছে ৫১টি।

এর আগে লা লিগায় রিয়াল মাদ্রিদের হয়ে ২০০৯-২০১৮ সময়ে ৩১১টি গোল করেন তারকা এই ফুটবলার। এরই আগে ২০০৩-০৯ সময়ে ম্যানচেস্টার ইউনাইটেডের হয়ে ইংলিশ প্রিমিয়ার লিগে ৮৪টি গোল করেন রোনালদো।

সেরি আ-তে সাম্প্রতিক সময়ে সবচেয়ে দ্রুততম সময়ে গোলের হাফ সেঞ্চুরি পূর্ণ করলেন রোনালদো। এ জন্য খেলেছেন ৬১টি ম্যাচ। এত দিন রেকর্ড দখলে ছিল এসি মিলানের ইউক্রেনের তারকা ফুটবলার আন্ড্রি শেভচেনকো। ৬৮ ম্যাচে ৫০টি গোল করেছিলেন তিনি।

তালির সর্বোচ্চ লিগে দ্রুততম সময়ে ৫০ গোলের তালিকায় এত দিন দ্বিতীয়স্থানে ছিলেন ব্রাজিল গ্রেট রোনাল্ডো। ইন্টার মিলানের হয়ে ৭০ ম্যাচে গোলের অর্ধশতক করেছিলেন তিনি।

লাৎসিও’র বিপক্ষে জোড়া গোলে চলতি মৌসুমের সেরি আ’য় রোনালদোর গোলসংখ্যা দাঁড়িয়েছে ৩০টি। লিগে এক মৌসুমে ৩০ গোল করা জুভেন্টাসের তৃতীয় খেলোয়াড় হলেন তিনি। এর আগে ইতালির সাবেক স্ট্রাইকার ফেলিস বরেল ও ডাচ ফরোয়ার্ড জন হ্যানসেন এই কীর্তি গড়েন তিনি।

এর মধ্যে ১৯৩৩-৩৪ মৌসুমে সেরি আ-তে সর্বোচ্চ ৩১ গোল করেছিলেন বরেল। চলতি লিগে বাকি চার ম্যাচ খেললে রোনালদো এই রেকর্ডটিও নিজের করে নিতে পারবেন বলে জোর ধারণা।

রোনালদোর জোড়া গোলের মধ্যে একটি ছিল পেনাল্টিতে। স্পটকিক থেকে গোল করে আরও একটি রেকর্ড স্পর্শ করেছেন ৩৫ বছর বয়সী এই ফুটবলার। চলতি সেরি আয় এই নিয়ে ১২টি গোল হলো তার। ১৯৯৫-৯৬ মৌসুমে পেনাল্টি থেকে ১২টি গোল করে রেকর্ডটি এককভাবে দখলে রেখেছিলেন লাৎসিওর সাবেক ফুটবলার গুইসেপ্পে সিনগোরি।

এতসব কীর্তি গড়লেও ম্যাচ শেষে অল্প কথায় প্রতিক্রিয়া জানিয়ে টুইট করেছেন রোনালদো। তাতে লিখেছেন- “খুবই গুরুত্বপূর্ণ একটি জয়! আমরা শিরোপার খুব কাছে! এগিয়ে যাওয়া যাক।”

সত্যি তাই। এই জয়ে শিরোপার একেবারে চলে এসেছে জুভেন্টাস। ৩৪ ম্যাচে ৮০ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে তারা। সমান ম্যাচে ৮ পয়েন্ট কম নিয়ে দ্বিতীয়স্থানে আছে ইন্টার মিলান। লিগে নিজেদের বাকি চার ম্যাচে চার পয়েন্ট পেলেই টানা নবমবারের মতো সেরি আ শিরোপা জয়ের উৎসবে মাতবে জুভেন্টাস।

সূত্র- বিডি প্রতিদিন

বিশ্বসেরা অনূর্ধ্ব-২৫ টেস্ট একাদশে ঠাঁই পেলেন যারা

বিশ্বের ২৫ বছর বা তার কম বয়সী ক্রিকেটারদের মধ্য থেকে সেরা টেস্ট একাদশ বেছে নিয়েছে ক্রিকেটের বাইবেলখ্যাত সাময়িকী উইজডেন।

পাকিস্তান দলের এই সময়ের অন্যতম সেরা ব্যাটসম্যান বাবর আজমকে অধিনায়ক করে এই একাদশ গড়েছে উইজডেন। একাদশে পাকিস্তান দলের আরও এক তরুণ ক্রিকেটার স্থান পেয়েছেন। তিনি হলেন বাঁহাতি পেসার শাহিন শাহ আফ্রিদি।

ভারতের ঋষভ পন্তকে রাখা হয়েছে সেরা একাদশের ব্যাটসম্যানের তালিকায়।

কিন্তু একাদশে ২৫ বছর বা তার চেয়ে কম বয়সী কোনো টাইগারের জায়গা হয়নি। যদিও বাংলাদেশের পক্ষ থেকে এ তালিকায় ২২ বছর বয়সী অফস্পিনার মেহেদী হাসান মিরাজের ঠাঁই পাওয়ার কথা ছিল।

কিন্তু অল্পের জন্য জায়গা হয়নি তার। বাদপড়াদের তালিকায় দ্বিতীয় অবস্থানে রাখা হয়েছে তাকে।

সেখানে প্রথম অবস্থানে রয়েছের টেস্ট অভিষেকেই ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ১৩৪ রান করা ভারতের ২০ বছর বয়সী ব্যাটসম্যান পৃথ্বী শ।

আফগানিস্তানের লেগস্পিনার রশিদ খানের কাছে হেরে গিয়ে সেরা একাদশ থেকে বাদ পড়েছেন মিরাজ– এমনটিই জানিয়েছে উইজডেন।

বাদপড়াদের মধ্যে মিরাজের পর আরও যারা রয়েছেন তারা হলেন-পাকিস্তানের নাসিম শাহ, ওয়েস্ট ইন্ডিজের আলজারি যোশেফ, দক্ষিণ আফ্রিকার লুঙ্গি এনগিদি, আফগানিস্তানের ইব্রাহিম জাদরান, ওয়েস্ট ইন্ডিজের শিমরন হেটমায়ার, শ্রীলংকার লাসিথ এমবুল্দেনিয়া, অস্ট্রেলিয়ার ঝাই রিচার্ডসন ও ভারতের কুলদীপ যাদব।

এবার উইজডেনের অনূর্ধ্ব-২৫ বিশ্ব সেরা টেস্ট একাদশে যারা সুযোগ পেয়েছেন–

এইডেন মার্করাম (দক্ষিণ আফ্রিকা), ডম সিবলি (ইংল্যান্ড), কুশল মেন্ডিস (শ্রীলংকা), বাবর আজম (পাকিস্তান) অধিনায়ক, ওলি পোপ

(ইংল্যান্ড), ঋষভ পন্ত (ভারত)—উইকেটকিপার, স্যাম কারেন (ইংল্যান্ড), রশিদ খান (আফগানিস্তান), জোফরা আর্চার (ইংল্যান্ড), কাগিসো রাবাদা (দক্ষিণ আফ্রিকা) ও শাহিন শাহ আফ্রিদি (পাকিস্তান)।

তথ্যসূত্র: উইজডেন

ফাহিম হত্যাকাণ্ড নিয়ে পোস্ট দিলেন রুবেল

বাংলাদেশে রাইড শেয়ারিং সার্ভিস পাঠাওয়ের সহপ্রতিষ্ঠাতা ফাহিম সালেহর হত্যার ঘটনায় তোলপাড় যুক্তরাষ্ট্র।

খুব দ্রুত গতিতে এগোচ্ছে চাঞ্চল্যকর এ হত্যা রহস্যের তদন্ত।

ইতিমধ্যে ফাহিমকে হত্যার অভিযোগে তার ব্যক্তিগত সহকারী হাসপিলকে গ্রেফতার করেছে নিউইয়র্ক পুলিশ।

আমেরিকান-বাংলাদেশি এই সফল উদ্যোক্তার হত্যাকাণ্ডে বিচলিত হয়ে পড়েছেন জাতীয় দলের পেসার রুবেল হোসেনও।

ফাহিম সালেহ হত্যার বিচার চেয়ে রোববার সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে একটি স্ট্যাটাস দিয়েছেন রুবেল।

৩৩ বছর বয়সী সফল উদ্যোক্তা ফাহিম সালেহর ছবি দিয়ে রুবেল লিখেছেন– ‘ফাহিম সালেহ হত্যার সুবিচার চাই।’

তবে রুবেলের এমন পোস্ট নিয়ে সমর্থকদের মধ্যে বিভক্তি দেখা দিয়েছে। কেউ কেউ এই পোস্টের জন্য রুবেলকে সমর্থন দিয়েছেন।

আবার অনেকেই লিখেছেন– ঘটনার এতদিন পর অপরাধী ধরা পড়ার পর এমন পোস্ট দেয়ার অর্থ নেই।

অনেকে আবার বলেছেন– যুক্তরাষ্ট্রে ঘটিত এক হত্যাকাণ্ডের জন্য বাংলাদেশে বসে ‘বিচার চাই’ বলে পোস্ট দেয়াটা হাস্যকর। নিজ দেশেই

কত হত্যাকাণ্ড ঘটছে। সেগুলোর বিচার কজন চায়!

প্রসঙ্গত, গত ১৩ জুলাই ম্যানহাটনে নিজের অ্যাপার্টমেন্টে নিহত হন বাংলাদেশে রাইড শেয়ারিং সার্ভিস পাঠাওয়ের সহপ্রতিষ্ঠাতা ফাহিম সালেহ।

পর দিন খণ্ড-বিখণ্ড অবস্থায় তার মৃতদেহ খুঁজে পাওয়া যায়। গত ১৭ জুলাই হত্যাকাণ্ডে জড়িত থাকা সন্দেহে ফাহিমের ব্যক্তিগত সহকারী টাইরেস ডেভো হাসপিলকে গ্রেফতার করে ম্যানহাটন পুলিশ।

মাশরাফির পর এবার করোনামুক্ত হলেন স্ত্রী সুমি

মাশরাফির পর করোনা থেকে মুক্তি পেলেন তার স্ত্রী সুমনা হক সুমি। এর আগে তৃতীয় দফায় কভিড-১৯ এর রিপোর্টে নেগেটিভ এসেছে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক মাশরাফি বিন মর্তুজার। শনাক্ত হওয়ার ২৪ দিন পর করোনা থেকে সেরে উঠেছেন তিনি।

মাশরাফির স্ত্রীর করোনামুক্তির খবর জানিয়েছেন তিনি নিজেই। নিজের ফেসবুক থেকে এক পোস্টের মাধ্যমে তিনি জানিয়েছেন, ‘আলহামদুলিল্লাহ, করোনার রেজাল্ট নেগেটিভ এসেছে। সমস্ত কৃতজ্ঞতা আল্লাহর প্রতি ও যারা আমাকে কঠিন এই সময়ে পাশে ছিলেন তাদের প্রতি।’

করোনায় জীবন যখন বিপর্যস্ত তখন নড়াইলের মানুষের পাশে নিঃস্বার্থভাবে দাঁড়িয়েছেন জাতীয় ক্রিকেট দলের সফল অধিনায়ক নড়াইল-২ আসনের সংসদ সদস্য নড়াইল এক্সপ্রেস খ্যাত মাশরাফি বিন মর্তুজা।

যদিও গত ২০ জুন চিকিৎসকেরা জানায় করোনাভাইরাস বাসা বেঁধেছে তার শরীরে। পরবর্তীতে তৃতীয় দফায় টেস্ট করানোর পর করোনা থেকে মুক্তি মিলেছে মাশরাফির।

ভারতে এবছর আর আন্তর্জাতিক ক্রিকেট হবে না

গত কয়েকদিন ধরেই শোনা যাচ্ছে, এবারের আইপিএল দুবাইয়ে হবে। এরপর ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) এপেক্স কাউন্সিলের সভায় এই সিদ্ধান্ত হয়েছে। তবে দুটি শর্ত আছে। প্রথমত, কেন্দ্রীয় সরকারের ছাড়পত্র পেতে হবে। দ্বিতীয়ত, আইসিসিকে আনুষ্ঠানিকভাবে টি-টোয়েন্টি বিশ্বকাপ বাতিলের কথা ঘোষণা করতে হবে। আগামী সপ্তাহে টি-টোয়েন্টি বিশ্বকাপ নিয়ে নিজেদের চূড়ান্ত সিদ্ধান্ত জানাবে আইসিসি।

এপেক্স কাউন্সিলের সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, পরিস্থিতি একটু উন্নতি হলে আহমেদাবাদে ক্রিকেটারদের কন্ডিশনিং ক্যাম্প হতে পারে। করোনা মহামারীর কারণে বিশ্বের সবচেয়ে বড় স্টেডিয়াম মোতেরায় প্রথম আন্তর্জাতিক ম্যাচ আয়োজন করা যায়নি। এরপর অস্ট্রেলিয়া সিরিজে ম্যাচ আয়োজন করা হবে মোতেরায়। তার আগে এই মাঠেই ভারতীয় ক্রিকেটারদের ক্যাম্প হতে পারে।

আরও সিদ্ধান্ত হয়েছে যে, আগামী ডিসেম্বর পর্যন্ত সমস্ত ঘরোয়া ক্রিকেটের ম্যাচ বন্ধ থাকবে। ভারতের বয়সভিত্তিক বিভিন্ন টুর্নামেন্টে ৩৮টি দল অংশগ্রহণ করে। এক জায়গা থেকে অন্য জায়গায় যাতায়াত সমস্যার কারণে বিসিসিআই এখনই তাড়াহুড়া করে ঘরোয়া ক্রিকেটে চালু করতে চায় না। যে কারণে এবছরের দুলীপ ট্রফি, দেওধর ট্রফি এবং চ্যালেঞ্জার সিরিজ বাতিল হয়েছে। তাছাড়া ভারতে এবছর কোনো আন্তর্জাতিক ম্যাচও অনুষ্ঠিত হবে না।